বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৫১

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫' এর খসড়া সংশোধনী প্রকাশ এবং মতামত, পরামর্শ ও আপত্তি আহ্বান প্রসঙ্গে ।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫" এর খসড়া সংশোধনীর ওপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহ্বান করে অদ্য জাতীয় দৈনিক আমার দেশ, শেয়ার বিজ এবং দ্য বিজনেস স্ট্যান্ডার্ড পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। একইসঙ্গে কমিশনের ওয়েবসাইটেও খসড়া সংশোধনী ও সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। খসড়া সংশোধনীর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২ (দুই) সপ্তাহের মধ্যে কমিশনের নিকট মতামত, পরামর্শ অথবা আপত্তি প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন স্পষ্টভাবে জানাতে চায় যে, Securities and Exchange Ordinance, 1969 ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর বিধান অনুযায়ী যেকোনো বিধিমালা প্রণয়ন বা সংশোধনের ক্ষেত্রে অংশীজন ও সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ একটি স্বাভাবিক ও বাধ্যতামূলক প্রক্রিয়া। সেই আইনগত প্রক্রিয়ার অংশ হিসেবেই খসড়া সংশোধনীটি জনমতের জন্য প্রকাশ করা হয়েছে।

কমিশন সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ ও আপত্তিকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে। প্রাপ্ত মতামতসমূহ পর্যালোচনা করে প্রয়োজনীয় সংশোধন, সংযোজন বা পরিমার্জন শেষে বিধিমালাটি চূড়ান্ত করা হবে এবং পরবর্তীতে সরকারি গেজেটে প্রকাশের মাধ্যমে কার্যকর করা হবে।

এ পর্যায়ে উল্লেখ করা প্রয়োজন যে, বর্তমানে প্রকাশিত খসড়া সংশোধনীটি একটি প্রস্তাবনা মাত্র। এটি কোনো চূড়ান্ত সংশোধনী নয়। ফলে খসড়া সংশোধনী সম্পর্কে বিভিন্ন ধরনের অনুমান, অপব্যাখ্যা বা অসম্পূর্ণ তথ্যের ভিত্তিতে বিভ্রান্ত বা উদ্বিগ্ন হওয়ার কোনো কারণ নেই।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সর্বদা বিনিয়োগকারীদের স্বার্থ ও সুরক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকে। প্রস্তাবিত সংশোধনীর লক্ষ্যও হলো বিদ্যমান বিধিমালাকে আরও সহজ, বাস্তবসম্মত, ব্যবহারবান্ধব ও কার্যকর করা। অংশীজন ও সংশ্লিষ্ট সকলের মতামত ও পরামর্শ বিবেচনায় নিয়ে বিধিমালার সংশোধনী চূড়ান্ত করা হবে যা অবশ্যই বিনিয়োগকারীবান্ধব হবে এবং বাজারের সার্বিক উন্নয়ন ও স্থিতিশীলতা নিশ্চিত করার লক্ষ্যে প্রণীত হবে।

কমিশন আশা করে, সংশ্লিষ্ট সকল অংশীজন গঠনমূলক মতামত প্রদান করবেন এবং গণমাধ্যম খসড়া সংশোধনী ও আইনগত প্রক্রিয়ার বিষয়টি যথাযথভাবে উপস্থাপনসহ গঠনমূলক সমালোচনা করবে, যাতে বিনিয়োগকারীদের মধ্যে অপ্রয়োজনীয় বিভ্রান্তি বা উদ্বেগের সৃষ্টি না হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র